# আগামী সপ্তাহে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের রোডম্যাপ প্রকাশ করবে ইসি




সংগৃহীত ছবি

ইসি সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ জানিয়েছেন, আগামী সপ্তাহে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের রোডম্যাপ ঘোষণা করা হবে। একইসঙ্গে গণমাধ্যমের সঙ্গে সংলাপ এবং ২২টি রাজনৈতিক দলের মাঠপর্যায়ের তদন্তও শুরু হবে। প্রবাসীদের ভোটদান প্রসঙ্গে আলোচনা চলছে, যা চূড়ান্ত হলে জানানো হবে।

আগামী সপ্তাহে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের রোডম্যাপ আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশন (ইসি) সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ। বৃহস্পতিবার (১৪ আগস্ট) নির্বাচন ভবনে নিজ দফতরের সামনে সাংবাদিকদের তিনি এ তথ্য দেন।

আখতার আহমেদ বলেন, “রোডম্যাপ নিয়ে আলোচনা শেষ পর্যায়ে রয়েছে। আগামী সপ্তাহে এটি প্রকাশ করা হবে। পাশাপাশি গণমাধ্যমের সঙ্গে সংলাপে বসা হবে এবং ২২টি রাজনৈতিক দলকে মাঠপর্যায়ে তদন্তে পাঠানো হবে।”

তিনি আরও জানান, প্রবাসীদের ভোটদানের বিষয়টি নিয়েও আলোচনা চলছে। এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হলে যথাসময়ে তা জানানো হবে।

LENS ASIA